বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২০০

তারিখঃ ০৫ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
২০ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৩৬ তম কমিশন সভা অদ্য ২০/০৮/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

০১. কমিশন সভায় Chittagong Stock Exchange Ltd এর মে, ২০১৮ তারিখের পরিদর্শন প্রতিবেদনে D.N. Securities Limited (CSE TREC No-089) কর্তৃক নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে ঃ

(ক) কোম্পানির গ্রাহকদের ট্রেড সম্পাদনের জন্য confirmation notes প্রদান না করে Rule 4(5) of Securities and Exchange Rule, 1987 ভঙ্গ করেছে;

(খ) কোম্পানি pay in slip সংরক্ষণ না করে প্রবিধি-৫৩ এর তফসিল 5(2)(1) of ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ ভঙ্গ করেছে;

(গ) কোম্পানি আলাদা workstations এ ডিলার কোডে ট্রেড সম্পাদন না করায় BSEC Letter no. SEC/Reg-3.1/G-55/part-v/2008/397 dated August 12, 2008 ভঙ্গ করেছে;

(ঘ) কোম্পানি Consolidated Customer Bank Account (CCBA) এর অর্থ কোম্পানির নিজ নামে IPO শেয়ার ক্রয়ের জন্য ব্যবহার করে Rule 8A (1) of the Securities and Exchange Rules, 1987 ভঙ্গ করেছে;

(ঙ) কোম্পানি পাঁচ লক্ষ টাকার বেশী নগদ গ্রহণ করে Rule 8(1) cc (i) of The Securities and Exchange Rules, 1987 ভঙ্গ করেছে;

উক্ত আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় D.N. Securities Limited (CSE TREC No-089) কে ৫ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২. Chittagong Stock Exchange Ltdএর নভেম্বর, ২০১৭ তারিখের পরিদর্শন প্রতিবেদনে Firstlead Securities Limited (CSE TREC No-122) কর্তৃক নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে ঃ

(ক) কোম্পানির ব্যবসায়িক সত্যতা সঠিকতা ও হালনাগাদ অবস্থা বিবেচনার জন্য হিসাব বই ও অন্যান্য ডকুমেন্টস প্রস্তুত ও সংরক্ষণ না করে Rule 8(1) of the Securities and Exchange Rule, 1987 ভঙ্গ করেছে;

(খ) কোম্পানির একজন অনুমোদিত প্রতিনিধিকে তার নিজের নামে সিকিউরিটিজ ক্রয়/বিক্রয় করতে দিয়ে Clause 5 of the deed of agreement of Authorized Representative (AR) ভঙ্গ করেছে;

(গ) কোম্পানির CCBA (Consolidated Customer Bank Account) এ ঘাটতি থাকায় ও CCBA থেকে Dealer Account এ অর্থ স্থানান্তর এবং তফসিলি ব্যাংকে একাধিক CCBA পরিচালনা করায় Rule 8A (1) and (2) of the Securities and Exchange Rule, 1987 ভঙ্গ করেছে;

(ঘ) কোম্পানি ফেব্রুয়ারী, ২০১৭ মাসে the risk based capital adequacy ratio 1:20 পরিপালন না করে Rule 15(1) the Securities and Exchange Rules, 1987ভঙ্গ করেছে;

(ঙ) কোম্পানির পরিচালক ও কর্মকর্তাদের ঋণ প্রদান করে BSEC directive no. SEC/CMRRCD/2001-43/31 dated on March 23, 2010 ভঙ্গ করেছে;

উল্লেখ্য Firstlead Securities Limited ইতোমধ্যে CCBA হিসাব এর ঘাটতি সমন্বয় এবং পরিচালকদের হিসাবে ঋণ আদায়সহ অন্য সকল আইন পরিপালনে সমর্থ হয়েছে।

কমিশন অদ্যকার সভায় Firstlead Securities Limited (CSE TREC No-122) কে ২ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

চলমান পাতা-১/২

০৩. কমিশন অদ্যকার সভায় ক্যাপিটাল ইস্যু বিভাগের কার্যক্রম নিয়ে পর্যালোচনা হয়। আলোচনায় ক্যাপিটাল ইস্যু বিভাগের কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে প্রাথমিক গণ প্রস্তাব (IPO), ডেট সিকিউরিটিজ ও ইক্যুইটি সিকিউরিটিজের মাধ্যমে পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলনের ক্ষেত্রে ইস্যু সংক্রান্ত যাবতীয় কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করার বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও কমিশন ক্যাপিটাল ইস্যু বিভাগের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একটি কর্ম-পরিকল্পনা অনুমোদন করেছে।

০৪. কমিশন সভায় Lub-rref (Bangladesh) Limited-কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের জন্য বিডিং এর অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানিটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ১৫০(একশত পঞ্চাশ) কোটি টাকা মূলধন উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ (নতুন যন্ত্রপাতি ক্রয় ও প্রতিস্থাপন), ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ শে, জুন ২০১৯ তারিখে সমাপ্ত নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতিসহ) ৩১.৯৩ টাকা ও শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতি ব্যতীত) ২৫.৯৬ টাকা এবং শেয়ার প্রতি আয় (EPS) ২.০৮ টাকা। আরও উল্লেখ্য, বিগত ০৫ টি আর্থিক বিবরনী অনুযায়ী কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) ২.২৩ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে NRB Equity Management Limited।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র

চলমান পাতা-২/২



“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”